

## ইসলামী বিশ্ববিদ্যালয়

### ছাত্র-ছাত্রীদের

### হলত্যাগ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের  
বিভিন্ন বিভাগে পরীক্ষা চলাকালীন  
এবং ৩য় জানুয়ারী হইতে অধি-  
কারণ বিভাগে পরীক্ষা থাকায়,  
(২য় পৃ: ৬-এর ক: স্র: )

৬৬

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার প্রেক্ষিতে  
অনিচ্ছা সত্ত্বেও কর্তৃপক্ষের দুইদফা  
হল ত্যাগের নির্দেশের পর বাধিয়া  
দেওয়া সময়ের শেষ মুহূর্তে গত  
কাল (মঙ্গলবার) ছাত্র-ছাত্রীরা  
হল ত্যাগ করিয়াছে। ৩১শে  
ডিসেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়  
বন্ধ ঘোষণা করা হইয়াছে। সিডি-  
কেট সভায় গৃহীত আর এক  
সিদ্ধান্ত মোতাবেক আগামী ৭ই  
জানুয়ারী পর্যন্ত ক্যাম্পাসে সকল  
প্রকার রাজনৈতিক তৎপরতা  
নিষিদ্ধ করা হইয়াছে। উল্লেখ্য,  
গত দুইদিন ধরিয়া সাদ্দাম হলের  
প্রভোষ্টের সহিত অসদাচরণের  
ঘটনায় ছাত্রদল নেতা মহম্মদ  
আলীর বহিষ্কার দাবী করায় ছাত্র  
দল আহুত লাগাতার ধর্মঘট, বিভিন্ন  
ঘটনায় বিশ্ববিদ্যালয়ের দুইটি মান  
ভাংচুর, ভিন্দির বাগতবন ঘেরাও  
ও বোমা বিস্ফোরণের কারণে বিশ্ব  
বিদ্যালয়ে অচলাবস্থার সৃষ্টি হয়।

এদিকে গতকাল ছাত্রদল প্রক্টর  
রহমত আলীর অপসারণ দাবী  
করিয়াছে। ছাত্রলীগ (শা-পা)  
এক প্রোগ্রামিং প্রকল্পে বিশ্ববিদ্যালয়  
বন্ধ ঘোষণা ও হলত্যাগের নির্দে-  
শের প্রতিবাদ জানাইয়াছে। ছাত্র  
শিবির বিশ্ববিদ্যালয় বন্ধ  
ঘোষণার প্রতিবাদে প্রধান গেটে  
এক বিক্ষোভ সমাবেশ করে।  
উল্লেখ্য, হল ত্যাগের পর  
ছাত্রদল ও শিবির কর্মীরা ক্যাম্পাস  
সংলগ্ন এলাকার মেসগুলোতে  
অবস্থান নেওয়ায় এলাকায় উত্তে-  
জনা বিরাজ করিতেছে।